

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৬, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

প্রশাসন শাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ, ২১ অগ্রহায়ণ ১৪১৪ বঙ্গাব্দ/০৫ ডিসেম্বর ২০০৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৮৩-আইন/২০০৭।—Rajshahi Town Development Authority Ordinance, 1976 (Ordinance No. LXXVIII of 1976) এর section 60 এ প্রদত্ত ক্ষমতাবলে Rajshahi Town Development Authority, রাজশাহী টাউন ডেভেলপমেন্ট অথরিটি এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯১ এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত প্রবিধানমালার—

প্রবিধান ১৬ এর পর নিম্নরূপ নতুন প্রবিধান ১৬ক সন্নিবেশিত হইবে, যথাঃ—

- “১৬ক। আন্তঃকর্তৃপক্ষ বদলী।—(১) প্রবিধান ১৬ এ যাহা কিছুই থাকুক না কেন, সরকার উপযুক্ত বিবেচনা করিলে, তৎকর্তৃক নির্ধারিত শর্তে, এক কর্তৃপক্ষের কোন কর্মকর্তা বা কর্মচারীকে, অপর কর্তৃপক্ষের সমপদে বদলী করিতে পারিবে।
- (২) কোন কর্তৃপক্ষের কোন কর্মকর্তা বা কর্মচারীকে উপ-প্রবিধান (১) এর অধীন অপর কোন কর্তৃপক্ষের নিকট বদলী করা হইলে, উক্তরূপ বদলীকালীন সময়ে তিনি তাহার নিয়োগকারী কর্তৃপক্ষের অধীন কর্মরত বলিয়া গণ্য হইবেন।

(৮৭১৯)

মূল্য : টাকা ২.০০

- (৩) কোন কর্তৃপক্ষের কোন কর্মকর্তা বা কর্মচারীকে উপ-প্রবিধান (১) এর অধীন অপর কোন কর্তৃপক্ষের নিকট বদলী করা হইলে, উক্ত বদলীকৃত কর্মকর্তা বা কর্মচারীর অবসর গ্রহণের অন্ততঃ এক বছর পূর্বে তাহাকে সরকার নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট প্রত্যাৰ্পণ করিবে।

ব্যাখ্যা : “আন্তঃকর্তৃপক্ষ” অর্থ রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী টাউন ডেভেলপমেন্ট অথরিটি, চট্টগ্রাম ডেভেলপমেন্ট অথরিটি এবং খুলনা ডেভেলপমেন্ট অথরিটি।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহসিনা ইয়াসমিন

উপ-সচিব।